



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2023

গভর্নর ক্যাথি হোকল

সিগনেচার ব্যাংক সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"সপ্তাহান্তজুড়ে, DFS সুপারিন্টেন্ডেন্ট অ্যাড্রিন হ্যারিস এবং আমি ব্যাংকিং খাতকে স্থিতিশীল করে তোলা এবং ক্ষতিগ্রস্ত কোম্পানিগুলোর উপর যেসব নিউ ইয়র্কবাসীর জীবিকা নির্ভর করছে তাদের কষ্টার্জিত অর্থ সুরক্ষিত রাখার উপায়সমূহ নিয়ে ফেডারেল অংশীদারদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে আসছি।

"আমি কৃতজ্ঞ যে ফেডারেল নিয়ন্ত্রকগণ ঠিক সেই কাজটি করার পদক্ষেপ গ্রহণ করেছেন, এবং আমি আশাবাদী যে এসব পদক্ষেপ আমাদের ব্যাংকিং ব্যবস্থার স্থিতিশীলতার প্রতি আস্থা বৃদ্ধি করবে। এসব ব্যাংকের বহু আমানতকারী হচ্ছে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানসমূহ, যাদের মধ্যে যারা উদ্ভাবনমূলক অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তারাও রয়েছে, এবং তাদের সফলতাই নিউ ইয়র্কের শক্তিশালী অর্থনীতির চাবিকাঠি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)